

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিগ্রাধা

নং-৪৬.০৪২.০১৪.২১.০১.০২৫.২০১৩-৬৭৬২

তারিখঃ ২৩.০৯.২০১৫ খ্রিঃ।

বিষয় : ২০১৪-২০১৫ অর্থ বছরের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.১৩০০.১০২.১৬.০০১.১৫.৫৫৪, তাং-১৪.০৯.২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৪-২০১৫ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ খাতের আওতায় ২৬.০০ লক্ষ (ছাব্বিশ লক্ষ) টাকায় গৃহীত ৩টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

প্রকল্পের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ব্যচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	পরিমাণ (লক্ষ টাকায়)	পঃপৃঃ
চাঁদপুর জেলার ০৮টি উপজেলায় দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও বিতরণের জন্য ৮০টি সেলাই মেশিন ক্রয়	২ মাস	২টি	৮০ জন	১০.০০	১৯৫
দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ	২ মাস	২টি	৮০ জন	৬.০০	১৯৪
কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পৌরএলাকার বাহিরে দরিদ্র পরিবারের মাঝে রিক্সা/ড্যান বিতরণ (প্রাথমিক পঃপৃঃ-১৯৩)				১০.০০	১৮৯ ও ১৯০
			মোট-	২৬.০০	

শর্তসমূহঃ

- ১) প্রার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর, উপ পরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর, উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁদপুর, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁদপুর এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার ইন্সটিটিউট পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
- ৭) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/ধাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।
- ৮) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন, ২০০০ এর ঐচ্ছিক কার্যবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ৯) উপরে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করতে হবে।

(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের পরিদর্শন কমিটি কর্তৃক প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো)।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।